

ELECTIVE BENGALI —Part -I (General) Paper -I

Duration : 3 Hours]

[Maximum Marks : 80

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

(উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়)

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :

৩ × ১৫ = ৪৫

- ক) বিদ্যাসাগরই বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী — বিদ্যাসাগরের গদ্যরচনা অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা নির্দেশ করুন ।
- খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অভিনবত্ব কোথায় আলোচনা করে বুঝিয়ে দিন ।
- গ) বিহারীলালের কবিকৃতির পরিচয় দিয়ে তাঁকে 'ভোরের পাখি' বলা কতদূর সঙ্গত আলোচনা করে দেখান ।
- ঘ) বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের অবদান অবিস্মরণীয় — আলোচনা করুন ।
- ঙ) বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণের স্বাতন্ত্র্য কোথায় — তাঁর কয়েকটি নির্বাচিত উপন্যাস অবলম্বনে তার পরিচয় দিন ।
- চ) বাংলা নাটকের পালাবদলে বিজন ভট্টাচার্যের ভূমিকা আলোচনা করুন ।

২। টীকা লিখুন (যে কোনো তিনটি) :

৩ × ৫ = ১৫

ক) সংবাদ প্রভাকর

খ) আলালের ঘরের দুলাল

গ) নীলদর্পণ

- ঘ) বীরঙ্গনা
 ঙ) বঙ্গদর্শন
 চ) রাজসিংহ
 ছ) গোরা
 জ) ডাকঘর
 ঝ) হাঁসুলি বাঁকের উপকথা

৩। সংজ্ঞা নির্দেশ করে উদাহরণহে যে কোনো দুটি অলংকার সম্পর্কে আলোচনা করুন :

২ × ৫ = ১০

- ক) ছেকানুপ্রাস
 খ) যমক
 গ) পূর্ণোপমা
 ঘ) কাকুবক্রোক্তি
 ঙ) সমাসোক্তি
 চ) ব্যতিরেক
 ছ) পরস্পরি৩ রূপক ।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

১ × ১০ = ১০

- ক) গীতিকবিতার বৈশিষ্ট্য নির্দেশ করে প্রাচীন ও আধুনিক গীতিকবিতার পার্থক্য বুঝিয়ে দিন । ৪ + ৬
- খ) সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে একটি শিল্পসফল সামাজিক উপন্যাসের পরিচয় দিন । ৪ + ৬
- গ) পৌরাণিক নাটকের বৈশিষ্ট্য নির্দেশ করে যে-কোনো একটি সার্থক বাংলা পৌরাণিক নাটক সম্পর্কে আলোচনা করুন ।
- ঘ) রম্যরচনার লক্ষণগুলি নির্দেশ করে একটি সার্থক রম্যরচনার পরিচয় দিন ।
- ঙ) যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন :
 ব্যক্তিগত প্রবন্ধ ; কমেডি ; ঐতিহাসিক নাটক ।